

**জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ উদযাপন উপলক্ষে উপজেলা কমিটির সভার কার্যবিবরণী:**

সভাপতি : মোঃ আব্দুল কাইয়ুম খান, উপজেলা নির্বাহী অফিসার, নড়িয়া, শরীয়তপুর।  
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, নড়িয়া, শরীয়তপুর।  
তারিখ : ১১/০৮/২০২৫ খ্রিঃ  
সময় : সকাল ১২.০০ ঘটিকা।

**সভায় উপস্থিত ব্যক্তিবর্গের তালিকা ও স্বাক্ষর: পরিশিষ্ট-ক দৃষ্টব্য**

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় সভার আলোচ্য বিষয় সম্পর্কে উপস্থাপন করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, নড়িয়া, শরীয়তপুরকে অনুরোধ জানান। উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মৎস্য-২ শাখা এর পত্র নং-৩৩.০০.০০০০.১২৭.২৩.০০৪.২৫.২৬২, তারিখ: ১০/০৮/২০২৫ খ্রি: মোতাবেক “জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫” আগামী ১৮ আগস্ট হতে ২৪ আগস্ট/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত দেশব্যাপী উদযাপিত হবে। দেশের মৎস্য সম্পদ সম্প্রসারণ, সংরক্ষণ ও উন্নয়ন বিষয়ে জনগণের মাঝে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণের লক্ষ্যে প্রতি বছরের ন্যায় এ বছরও সপ্তাহটির সফল বাস্তবায়নের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক মৎস্য সপ্তাহ পালনের জন্য উপজেলা কর্মসূচি অনুমোদিত হয়েছে। অনুমোদিত উপজেলা কর্মসূচি সভায় উপস্থাপন করা হলো।

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সংশোধিত কর্মসূচি গ্রহণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্ত: জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ এর কর্মসূচি চূড়ান্তকরণ:**

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ এর সপ্তাহব্যাপী সংশোধিত নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হলো:

তারিখ ও বার	সময়	কার্যক্রম	স্থান	বাস্তবায়নে
১ম দিন ১৮/০৮/২০২৫ সোমবার	১০.০০ ঘটিকা	ব্যানার ফেস্টুন সহযোগে সড়ক র্যালি	উপজেলা প্রধান প্রধান সড়ক	জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ উদযাপন বিষয়ক উপজেলা কমিটি।
	১০.৩০ ঘটিকা	উপজেলা পরিষদ পুকুরে মাছের পোনা অবমুক্তকরণ	উপজেলা পরিষদ পুকুর নড়িয়া, শরীয়তপুর।	জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ উদযাপন বিষয়ক উপজেলা কমিটি।
	১১.০০ ঘটিকা	উদ্বোধনী অনুষ্ঠান, আলোচনা সভা ও উপজেলা পর্যায়ে সফল মৎস্য চাষীদের মাঝে পুরস্কার বিতরণ	উপজেলা পরিষদ হল রুম নড়িয়া, শরীয়তপুর।	জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ উদযাপন বিষয়ক উপজেলা কমিটি।
২য় দিন ১৯/০৮/২০২৫ মঙ্গলবার	১০.০০ ঘটিকা	মৎস্যচাষি, জেলে এবং মৎস্যজীবীগণের সমন্বয়ে উপজেলা মৎস্য সম্পদের স্থায়ীত্বশীল এবং সর্বোত্তম ব্যবহার বিষয়ে মতবিনিময় সভা	কলারগাঁও জেলেপল্লী, ডিংগামানিক, নড়িয়া, শরীয়তপুর।	জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ উদযাপন বিষয়ক উপজেলা কমিটি।
৩য় দিন ২০/০৮/২০২৫ বুধবার	১০.০০ ঘটিকা	জনবহুল স্থানে মৎস্য বিষয়ক প্রামাণ্যচিত্র প্রদর্শন।	বাংলাবাজার, ঘড়িষার নড়িয়া, শরীয়তপুর।	জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ উদযাপন বিষয়ক উপজেলা কমিটি।
৪র্থ দিন ২১/০৮/২০২৫ বৃহস্পতিবার	১০.০০ ঘটিকা	মৎস্যজীবী পরিবারের মধ্যে ক্রীড়া প্রতিযোগিতা	কলারগাঁও জেলেপল্লী, ডিংগামানিক, নড়িয়া, শরীয়তপুর।	জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ উদযাপন বিষয়ক উপজেলা কমিটি।
৫ম দিন ২২/০৮/২০২৫ শুক্রবার	১০.০০ ঘটিকা	মৎস্যখাতে টেকসই উন্নয়নে তরুনদের ভাবনা শীর্ষক মতবিনিময় সভা	উপজেলা পরিষদ হলরুম নড়িয়া, শরীয়তপুর।	জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ উদযাপন বিষয়ক উপজেলা কমিটি।

k

Am


৬ষ্ঠ দিন ২৩/০৮/২০২৫ শনিবার	১০.০০ ঘটিকা	পুকুর পানির ভৌত-রাসায়নিক গুণাগুণ পরীক্ষা ও নিরাপদ মৎস্য উৎপাদন বিষয়ক ক্যাম্পেইন।	জনাব জাকির হোসেন এর পুকুরপাড়, দুলুখন্ড, ভোজেশ্বর, নড়িয়া।	জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ উদযাপন বিষয়ক উপজেলা কমিটি।
৭ম দিন ২৪/০৮/২০২৫ রবিবার	১০.০০ ঘটিকা	* জাতীয় মৎস্য সপ্তাহের মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠান * সাংস্কৃতিক অনুষ্ঠান	উপজেলা পরিষদ হলরুম নড়িয়া, শরীয়তপুর।	জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ উদযাপন বিষয়ক উপজেলা কমিটি।

২। পুরস্কার প্রদানের জন্য সফল মৎস্য চাষী নির্বাচন কমিটি:

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ উদযাপন উপলক্ষ্যে মৎস্য সেক্টরে অবদানের জন্য পুরস্কার প্রদানের ক্ষেত্রে চাষী নির্বাচনে নিম্ন বর্ণিত উপ-কমিটি গঠন করা হয়।

১. উপজেলা কৃষি অফিসার : আহবায়ক
২. উপজেলা প্রাণিসম্পদ অফিসার : সদস্য
৩. উপজেলা সমবায় অফিসার : সদস্য
৪. উপজেলা মৎস্য কর্মকর্তা : সদস্য সচিব

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ আব্দুল কাইয়ুম খান)  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি


জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ উদযাপন উপজেলা কমিটি  
নড়িয়া, শরীয়তপুর।

নং- ৩৩.০২.৮৬৬৫.৫০১.২৬.০০১.১৪- ১৮৯/১(১৫)

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি: (জৈষ্ঠতার ভিত্তিতে নয়)

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।
২. জেলা মৎস্য কর্মকর্তা, শরীয়তপুর।
৩. উপজেলা নির্বাহী অফিসার, নড়িয়া, শরীয়তপুর।
৪. অফিসার ইনচার্জ, নড়িয়া থানা, নড়িয়া, শরীয়তপুর।
৫. উপজেলা ..... কর্মকর্তা ও সদস্য জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন কমিটি, নড়িয়া, শরীয়তপুর।
৬. জনাব ..... ও সদস্য জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন কমিটি, নড়িয়া, শরীয়তপুর।
৭. সংশ্লিষ্ট নথি।

তারিখ- ১১/০৮/২০২৫ খ্রিঃ

  
(মোঃ জাকির হোসেন মৃধা)  
উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.)

ও

সদস্য সচিব

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ উদযাপন উপজেলা কমিটি  
নড়িয়া, শরীয়তপুর।